

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭২২

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - বসা, ঘুমানো ও চলাফেরা করা

### আরবী

رَعُن

حذيفةَ قَالَ: مَلْعُونٌ عَلَى لِسَانِ مُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ قَعَدَ وَسْطَ الْحَلْقَةِ. رَوَاهُ التَّرْمِذِيّ وَأَبُو دَاوُد

#### বাংলা

8৭২২-[১৬] হুযায়ফাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, সে ব্যক্তি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মুখেই অভিশপ্ত হয়েছে, যে ব্যক্তি হালকার (পরিধির) মাঝখানে গিয়ে বসে। (তিরমিয়ী ও আবূ দাউদ)[1]

## ফুটনোট

[1] য'ঈফ: তিরমিয়ী ২৭৫৩, য'ঈফাহ্ ৬৩৮, য'ঈফ আল জামি'উস্ সগীর ৪৬৯৪, য'ঈফ আবূ দাউদ ১০২৮/৪৮২৬।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, আলবানী (রহিমাহুল্লাহ) বলেনঃ এর সানাদটি য'ঈফ, তার দু'টি কারণ, এক-শরীক। তিনি হলেন ''ইবনু 'আবদুল্লাহ আল কাযী'', ইনি য'ঈফ রাবী। দুই- আবূ মিজলায ও হুযায়ফাহ্ (রাঃ)-এর মাঝে ইনক্বিতা' বা বিচ্ছিন্নতা রয়েছে। দেখুন- সিলসিলাতুয্ য'ঈফাহ্ ২/৯৭ পৃঃ, হাঃ ৬৩৮।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ উল্লেখিত হাদীসে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বাণী : (وَسُطَ الْحَلْقَةِ) দ্বারা উদ্দেশ্য সম্পর্কে ইমাম খণ্ডাবী (রহিমাহুল্লাহ) বলেছেনঃ এর দ্বারা দু'টির মধ্যে যে কোন একটি হতে পারে।

ক. মানুষ যে স্থানে বৃত্তাকারে বসে আলোচনা করতে থাকে এমন মাজলিসের মধ্যস্থলে বসা, মাজলিসের ফাঁকা স্থানে না বসা।



খ. উক্ত পরিধির মাঝে এমনভাবে বসা যে, তার কারণে একে অপরের মুখ দেখতে পায় না। উভয় প্রকার বসাই দৃষণীয় এবং আদাবে মাজলিসের পরিপন্থী। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন